



## রাখি বন্ধন (রাখি)

### বায়াসিকিউরিটি

মে 2024



## বায়াসিকিউরিটি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

বিদেশ থেকে আনা খাদ্য, উদ্ভিজ্জ উপাদান এবং প্রাণীজ পণ্যের মাধ্যমে অস্ট্রেলিয়াতে বিশ্বের সবচেয়ে ক্ষতিকারক কীটপতঙ্গ এবং রোগের আবির্ভাব ঘটতে পারে। এটি আমাদের অনন্য পরিবেশ এবং মূল্যবান কৃষি এবং পর্যটন শিল্পকে ধ্বংস করতে পারে।

আপনি যদি বিদেশ থেকে আসেন বা বিদেশ থেকে আপনার কোনও অতিথি আগমনের সম্ভাবনা থাকে, তাহলে আপনি, আপনার পরিবার এবং আপনার অতিথিদের অস্ট্রেলিয়ার কঠোর বায়াসিকিউরিটি আইন সম্পর্কে সচেতন হওয়া জরুরী।

আপনি যদি ডাকযোগে রাখি বন্ধন উপহার প্রত্যাশা করেন তাহলে বিদেশে আপনার পরিবার এবং বন্ধুদের জানান যে পণ্যগুলি ডাকযোগে পাঠানোর আগে সেগুলির অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি রয়েছে কিনা তা যাচাই করতে। মেইল আর্টিকলে পোস্টাল ঘোষণার লেবেলে অবশ্যই সকল সামগ্রী সঠিকভাবে তালিকাভুক্ত করতে হবে, যাতে সীমান্তে সঠিকভাবে সেগুলিকে পরীক্ষা করা যায়।

## আমরা কীভাবে বায়াসিকিউরিটির জন্য ঝুঁকিপূর্ণ পণ্যগুলিকে অস্ট্রেলিয়ায় প্রবেশ রোধ করি

অস্ট্রেলিয়ায় কীটপতঙ্গ এবং রোগ আনতে পারে এমন আইটেম সনাক্ত করার জন্য ব্যাগেজ এবং আন্তর্জাতিক মেইল আর্টিকেলগুলি পরীক্ষা করা হয়। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে: বায়াসিকিউরিটি অফিসার কর্তৃক ভ্রমণকারীদের জিজ্ঞাসাবাদ করা বা এক্স-রে, ডিটেক্টর কুকুর এবং/অথবা ম্যানুয়াল যাচাইকরণ পদ্ধতি ব্যবহার করে পণ্যগুলিকে পরীক্ষা করা।

## যেসব পণ্য বায়াসিকিউরিটির (জৈব নিরাপত্তা) জন্য ঝুঁকিপূর্ণ

বায়াসিকিউরিটির (জৈব নিরাপত্তা) জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে এমন রাখি বন্ধন উপহারগুলির মধ্যে রয়েছে:

- রাখির সুতোর মালা যা বীজ বা ফুল দিয়ে তৈরি
- ঐতিহ্যবাহী ভারতীয় মিষ্টি (মিঠাই) যেগুলিতে দুধ থাকে, যেমন বাফি, মাইসুর পাক, গুলাব জামুন, রসগোল্লা, পেডাস বা শন-পাপড়ি
- বিস্কুট, কেক এবং রুটি যেগুলিকে রেফ্রিজারেটে রাখতে হয়
- বাদাম
- চা এবং গুল্ম
- শস্য এবং ডাল যার মধ্যে রয়েছে চাল, গম, মসুর ডাল, ছোলা এবং মটরশুটি।



## কীটপতঙ্গ এবং রোগ থেকে অস্ট্রেলিয়াকে রক্ষা করতে সহায়তা করুন

- আপনার রাখি বন্ধনের উপহার অস্ট্রেলিয়ায় কিনুন।
- অস্ট্রেলিয়ায় কোনও পণ্য আনার বা ডাকযোগে পাঠানোর আগে, [agriculture.gov.au/mailling-bringing-goods](http://agriculture.gov.au/mailling-bringing-goods) পরিদর্শন করে এটি অনুমোদিত কিনা তা যাচাই করে দেখুন।
- বিদেশে আপনার পরিবার এবং বন্ধুদের বলুন যে তারা যে উপহারগুলি আনতে চান বা ডাকে পাঠাতে চান সেগুলি অস্ট্রেলিয়ায় প্রবেশের অনুমতি রয়েছে কিনা তা যাচাই করতে।

## অস্ট্রেলিয়ায় বেড়াতে আসা

অস্ট্রেলিয়া বেড়াতে আসার সময় আপনাকে অবশ্যই:

- আপনি যদি খাদ্য, উদ্ভিজ্জ উপাদান বা প্রাণীজ পণ্য বহন করেন তাহলে আপনার ইনকামিং যাত্রী কার্ডে সততার সাথে সেগুলিকে ঘোষণা করুন। মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য দেওয়া একটি গুরুতর অপরাধ। আইটেম ঘোষণা করতে ব্যর্থ হলে গুরুতর জরিমানা হতে পারে।
- আপনি যে ধরনের খাদ্য, উদ্ভিজ্জ উপাদান বা প্রাণীজ পণ্য বহন করছেন সেগুলির জন্য "হ্যাঁ" চিহ্ন প্রদান করুন।

আপনি যদি নিশ্চিত না হন, তাহলে বায়োসিকিউরিটি অফিসারের সাথে কথা বলতে আপনার ইনকামিং প্যাসেঞ্জার কার্ডে "হ্যাঁ" চিহ্ন প্রদান করুন।

আপনার উপহার সহ যে কোনও পণ্য, যা বায়োসিকিউরিটি অফিসার কর্তৃক পরীক্ষা করা আবশ্যিক সেগুলিকে ব্যাগেজের উপরের দিকে রাখুন, যাতে ঘোষণা করা পণ্যগুলি পরিদর্শনের জন্য প্রস্তুত থাকে।

ঘোষণা করা আইটেমগুলিকে প্রক্রিয়াজাত করতে হতে পারে বা রপ্তানি (আপনার খরচে) বা ধ্বংস করে ফেলতে হতে পারে। যে পণ্যগুলি বায়োসিকিউরিটির জন্য ঝুঁকিপূর্ণ নয়, সেগুলি আপনার কাছে ফেরত দেওয়া হবে।

আপনি যদি একজন বায়োসিকিউরিটি অফিসারকে বা আপনার ইনকামিং প্যাসেঞ্জার কার্ডে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করেন, অথবা আপনি যদি পণ্য সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে ব্যর্থ হন বা বায়োসিকিউরিটি অফিসারের দেওয়া নির্দেশাবলী মেনে না চলেন, সেক্ষেত্রে আপনাকে হয়তো:

- লঙ্ঘনের নোটিশ দেওয়া হবে
- নাগরিক দণ্ড কার্যক্রমের আওতায় আনা হবে এবং/অথবা
- ফৌজদারি অপরাধের জন্য বিচার করা হবে।

আপনার ভিসাও বাতিল করা যেতে পারে এবং যদি তা হয় তাহলে আপনার অস্ট্রেলিয়ায় প্রবেশ প্রত্যাখ্যান করা হবে এবং তিন বছর পর্যন্ত আপনার অস্ট্রেলিয়ায় প্রবেশে নিষেধাজ্ঞা থাকতে পারে। আপনি যদি সব পণ্য ঘোষণা করেন এবং উপস্থাপন করেন তাহলে আপনাকে বায়োসিকিউরিটি আইন 2015 এর অধীনে শাস্তি দেওয়া হবে না, এমনকি যদি সেই পণ্যগুলিকে অস্ট্রেলিয়ায় প্রবেশ করতে দেওয়া না হয়।



কল করুন 1800 900 090 অথবা  
+61 3 8318 6700 -তে (অস্ট্রেলিয়ার বাইরে থেকে)



আরও তথ্যের জন্য  
[agriculture.gov.au/travelling-mailing](http://agriculture.gov.au/travelling-mailing)

Facebook: Australian Biosecurity  
Instagram: @australianbiosecurity